খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ ত্রৈ-মাসিক (এপ্রিল/ ২০২২ - জুন/ ২০২২) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি<br>চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ১৫ জুন, ২০২২ । |
| সময় | : | বেলা ৯:৩০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী ৪র্থ ত্রৈ-মাসিক (এপ্রিল/২০২২-জুন/২০২২) সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।

আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত ৪র্থ ত্রৈ-মাসিকের (এপ্রিল/২০২২-জুন/২০২২) কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় নৈতিকতা কমিটির সদস্যগণ তাঁদের সুচিন্তিত মতামতসহ কাঠামোতে বর্ণিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বাস্তবায়নকারীগণকে আহ্বান জানান । বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | • কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি,২০২২-মার্চ,২০২২) সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | স্টেক হোল্ডারগণের সাথে সভা। | • স্টেক হোল্ডারগণের সাথে ৪র্থ ত্রৈমাসিকে আয়োজিত সভা সমূহের কার্যবিবরণী ৩০ জুন, ২০২২ এর মধ্যে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• ২০২২-২০২৩ সনে বিভিন্ন স্টেক হোল্ডারগণের সাথে নিয়মিত সভা অনুষ্ঠান এবং কার্যবিবরণী নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিচালক (এস্টেট), অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | • ২০২১-২০২২ সনের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.৪ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক ইতোমধ্যে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত হয়েছে। আগামী ২৩ জুন, ২০২২ এর মধ্যে আরও একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামার |
| ৪. | কর্ম পরিবেশ উন্নয়ন । | • ২০২১-২০২২ সনের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.৫ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন হওয়ায় নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষন) কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>• ২০২২-২০২৩ সনের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.৫ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে অফিসের বর্তমান পরিবেশ ও উন্নয়ন পরবর্তী পরিবেশ এর আলোকচিত্র সংরক্ষণ এবং উক্ত ছবিসহ কর্ম-পরিবেশ উন্নয়নের প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষন) ও সহকারী পরিচালক (প্রশাসন ) |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | • আগামী ৫ জুলাই, ২০২২ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এর সকল প্রমাণক সংগ্রহ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• আগামী ১০ জুলাই, ২০২২ এর মধ্যে সংগৃহীত প্রমাণকসমূহ একত্রিত করে সমূল্যায়িত প্রতিবেদন প্রণয়ন করতঃ মন্ত্রণালয়ে প্রেরণ ও কেডিএ'র ওয়েবসাইটে আপলোডকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>ও<br>সংশ্লিষ্ট শাখা প্রধানগন |
| ৬. | শুদ্ধাচার পুরস্কার প্রদান। | • কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), কাজী মোঃ সাবিরুল আলম; সহকারী প্রকৌশলী (যাঃ) (চঃ দাঃ) জনাব মোঃ ছানাউল্লাহ এবং প্রতি-অংকনবীদ, জনাব মোঃ রেজওয়ান হোসেন কেডিএ'র শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রাপ্ত হওয়ায় তাদেরকে অভিনন্দন জ্ঞাপন ও সার্টিফিকেট বিতরণ করা হয়। অনতিবিলম্বে পুরস্কারপ্রাপ্তদের তাদের একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>ও<br>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার |
| ৭. | প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ। | • প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকবৃন্দ<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) |
| ৮. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন (প্রকল্পের বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণ) | • প্রকল্প পরিচালকবৃন্দ প্রকল্পের তদারকির প্রমানক স্বরূপ অগ্রগতি পর্যালোচনান্তে একটি প্রতিবেদন প্রস্তুত করে চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করবেন এবং শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.৩ নং কার্যক্রমের প্রমানক স্বরূপ নৈতিকতা কমিটির নিকট উহার কপি প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকবৃন্দ |
| ৯. | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর | • প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০ জুন, ২০২২ এর মধ্যে হস্তান্তর করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১০. | সেবা গ্রহীতাগণের সাথে সরাসরি যোগাযোগের জন্য ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে ভার্চূয়াল পয়েন্ট স্থাপন করে মধ্যস্বত্বভোগীদের উপস্থিতি পরিহার। | • বর্তমানে প্রচলিত আরএফআইডি পাশ ব্যবস্থা ও ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে ল্যাপটপ-ক্যামেরার মাধ্যমে সেবা প্রদানকারী শাখার সাথে ভার্চুয়াল যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ১১. | ই-নথির বাস্তবায়ন | • বর্তমানে প্রতি মাসে ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। ই-নথিতে আরো গতিশীলতা আনায়নের লক্ষ্যে ২০২১-২০২২ সনের ৩য় ও ৪র্থ কোয়ার্টারে প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে। ভবিষ্যতে এধরণের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট শাখা প্রধান<br>ও<br>সহকারী পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২. | অনলাইনে ভুমি ব্যবহারের ছাড়পত্র প্রদান। | • কেডিএ'র সেবার মান উন্নত করণের জন্য চলমান অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানের গতি আরও বেগবান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• ভূমি ব্যবহারের ছাড়পত্র সংক্রান্ত সেবা কার্যক্রমের প্রত্যয়নমূলক প্রতিবেদন (নিষ্পন্ন ও অনিষ্পন্নের কারণ উল্লেখসহ) প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিকল্পনা অফিসার |
| ১৩. | কমিটি কর্তৃক NOC / Plan এর নমূনা ভিজিট | • কেডিএতে গঠিত নৈতিকতা কমিটির (ঙ) নং কার্যপরিধির আওতায় অনুমোদিত NOC/Plan এর অন্তত এক তৃতীয়াংশ উক্ত কমিটি প্রয়োজনীয় পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট কমিটি |
| ১৪. | দাপ্তরিক ডকুমেন্ট সমূহের সফট কপির পাশাপাশি হার্ড কপি সংরক্ষণ। | • দাপ্তরিক সকল ডকুমেন্ট এর সফট কপির পাশাপাশি হার্ড কপি ও স্থায়ী/অস্থায়ী সকল ধরণের রেজিস্ট্রার সংরক্ষণ করার এবং সংরক্ষণ কার্যের অগ্রগতি প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট শাখা |
| ১৫. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন। | • প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা এবং যথাযথ প্রমাণকসহ বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সবার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২০২২

**ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম**
চেয়ারম্যান
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২১ (৪র্থ খন্ড)-

তারিখ: আষাঢ়, ১৪২৯ / জুন, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। জনাব রুনু রেজা ( রুনু ইকবাল বিথার), সদস্য (প্রশাসন ও অর্থ), কেডিএ, খুলনা ।
০২। বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ, সদস্য (এস্টেট), কেডিএ, খুলনা ।
০৩। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা ।
০৪। সচিব , কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
০৫। পরিচালক (এষ্টেট), কেডিএ, খুলনা ।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
০৭। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৮। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
০৯। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।
১০। উপ-পরিচালক (প্রশাসন), কেডিএ, খুলনা (নৈতিকতা কমিটির কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
১১। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
১২। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
১৪। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
১৫। নির্বাহী প্রকৌশলী (র:বে:), কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
১৬। সহকারী পরিচালক (প্রশাসন), কেডিএ, খুলনা ও সদস্য ,শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি (নৈতিকতা কমিটির কার্যবিবরণী শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করার অনুরোধসহ) ।
১৭। উপ-পরিচালক (প্রশাসন) ,চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫/০৬/২০২২

**মোঃ মামুনুল আবেদীন**
উপ-পরিচালক ( বাঃ ও নিঃ) (চঃদাঃ)
কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা
কমিটি।